NYC Department of Education

ম্যাককিনি-ভেন্টো গৃহহীন সহায়তা আইন
অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের পিতামাতা ও তরুণ শিক্ষার্থীদের জন্য নির্দেশিকা

বিষয়	গুরুত্বপূর্ণ তথ্য
ম্যাককিনি-ভেন্টো আইন অনুযায়ী শিক্ষা অধিকারের ক্ষেত্রে যেসব শিক্ষার্থী পাশে উল্লিখিত অবস্থায় বাস করে তাদেরকে গৃহহীন বলা হয়:	• সরকারী আশ্রয়, ক্রান্তিকালীন আশ্রয়, মোটেল, ক্যাম্পগ্রাউন্ড, হাসপাতালে পরিত্যক্ত অবস্থায় অথবা অন্য কারো কাছে লালন-পালনের অপেক্ষায় আছে এমন। • গাড়ী, পার্ক, উন্মুক্ত সরকারী স্থানে, বাস, ট্রেন অথবা পরিত্যক্ত দালান • বাড়ী নেই অথবা সামর্থ্য না থাকার কারণে বন্ধু অথবা আত্মীয়ের সাথে বাস করছে।
একাকী তরুণ	• যে তরুণ পিতামাতা বা অভিভাবকের সরাসরি তত্ত্বাবধানে নেই এবং ওপরে গৃহহীনের যে ব্যাখ্যা প্রদান করা হয়েছে তার আওতায় পড়ে *পিতামাতার সাথে বসবাসকারী গৃহহীন শিক্ষার্থীর মত একাকী গৃহহীন তরুণ শিক্ষার্থীও একই অধিকার পাবে।*
ম্যাককিনি-ভেন্টো আইন-এর সংজ্ঞা অনুযায়ী যেসব শিক্ষার্থী গৃহহীন তাদের এই অধিকারসমূহ রয়েছে:	• বিনা খরচে সরকারি শিক্ষা। • জোনভুক্ত স্কুলে অনতিবিলম্বে ভর্তি হওয়া • বর্তমান অবস্থানে বসবাসকাল বিবেচনা ছাড়াই স্কুলে ভর্তি। • তাদের আগের স্কুলে (গৃহহীন হবার আগে যে স্কুলে পড়তো বা শেষ যে স্কুলে পড়েছে) থাকা অথবা নতুন জোনভুক্ত স্কুল বেছে নেয়া। • স্কুলে যাতায়াতের জন্য পরিবহন ব্যবস্থা। • শুধু অবস্থার কারণে অথবা ভর্তির কাগজ-পত্র না থাকার কারণে অনতিবিলম্বে স্কুলে ভর্তি করতে অস্বীকার করা যাবে না। • গৃহহীন হবার কারণে তাদের নিয়মিত স্কুল কর্মসূচি থেকে আলাদা করা যাবে না। • বিনামূল্যে স্কুলের খাবার পাবে।
গুরুত্বপূর্ণ তথ্য:	• প্রত্যেক বরো-এর সংযুক্ত পরিষেবা কেন্দ্রে (আইএসসি) নূন্যতম একজন অস্থায়ী আবাসনের (এসটিএইচ) শিক্ষার্থী-সংক্রান্ত বিষয়-বিশেষজ্ঞ থাকেন যিনি এসটিএইচ-এ সংযোগ রক্ষার দায়িত্বে থাকেন এবং যেসব শিক্ষার্থী গৃহহীন, তারা যাতে শিক্ষালাভ করতে পারে সেই লক্ষ্যে কর্মসূচি এবং পরিষেবার ব্যবস্থা করেন। এসটিএইচ বিষয়-বিশেষজ্ঞ ফ্যামেলি অ্যাসিস্ট্যান্টদের একটি দলের তত্ত্বাবধান করেন। • প্রত্যেক চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক (সিএফএন)-এর একজন নির্ধারিত এসটিএইচ সংযোগরক্ষাকারী থাকেন যিনি গৃহহীন শিক্ষার্থীদের শিক্ষা চাহিদা পূরণে সহায়তা দেন। • এছাড়া, ডিস্ট্রিক্ট ৭৫ এবং ৭৯-এর একজন করে দায়িত্বপ্রাপ্ত এসটিএইচ সংযোগরক্ষাকারী রয়েছে যারা যেসব শিক্ষার্থী গৃহহীন তাদের শিক্ষাগত চাহিদা পূরণে সহায়তা করেন। • কিছু স্কুলে এবং আশ্রয়স্থলে ফ্যামেলি অ্যাসিস্ট্যান্টরা থাকেন। তারা গৃহহীন পিতামাতা এবং তাদের সন্তানদের শিক্ষাগত চাহিদা পূরণের দায়িত্বে থাকেন। • ফ্যামেলি অ্যাসিস্ট্যান্টরা শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবককে স্কুলে ভর্তি, টিকা নেয়া, স্কুলের রেকর্ড জোগাড়, এবং স্কুলে যাতায়াতের জন্য যানবাহনের ব্যবস্থা ইত্যাদি বিষয়ে সহায়তা করেন। ব্যক্তিগত বিষয়ে প্রশ্ন, প্রশিক্ষণের ব্যবস্থা, অথবা সঙ্গীহীন তরুণকে সহায়তা করতে স্কুলের কর্মীরা তাদের এসটিএইচ সংযোগকারীর সাথে যোগাযোগ করতে দ্বিধা করতে হবে না।
স্কুল নির্বাচন:	শিক্ষার্থী যখন গৃহহীন তখন তার জন্য স্কুল বেছে নিতে স্কুলগুলো পিতামাতা/অভিভাবককে অবশ্যই সুযোগ দেবে। নিচে উল্লিখিত স্কুলগুলোর মধ্য থেকে পিতামাতা/অভিভাবক বেছে নিতে পারেন: ক) শিক্ষার্থী স্থায়ীভাবে থাকাকালীন যে স্কুলে পড়ছিল (আগের স্কুল); খ) শিক্ষার্থী শেষ যে স্কুলে পড়েছে; অথবা গ) গৃহহীন শিক্ষার্থীটি বর্তমানে যেখানে বাস করছে, সে এলাকার স্থায়ী বসবাসকারী শিক্ষার্থীদের জন্য নির্ধারিত স্কুলে।
স্কুলে ভর্তি: (আপনার সন্তান যদি বর্তমানে ভর্তি না হয়ে থাকে অথবা আপনি যদি স্কুল পরিবর্তন করতে চান শুধু সে ক্ষেত্রে প্রযোজ্য)	• এলিমেন্টারি স্কুল -আপনার সন্তানকে আপনার জোন স্কুলে ভর্তি করুন। যদি আপনি বর্তমানে এনওয়াইসি-এর হোমলেস সার্ভিস ডিপার্টমেন্টের আশ্রয়ে থাকেন, তাহলে আপনার আশ্রয়ের ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট প্রয়োজনবোধে আপনাকে সহায়তা দিতে সক্ষম হবেন। আপনার আশ্রয়কেন্দ্রে যদি কোন ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট না থাকেন অথবা আপনি যদি আশ্রয়কেন্দ্রে না থাকেন তাহলে অনুগ্রহ করে আপনার এসটিএইচ সংযোগকারীর সাথে সহায়তার জন্য যোগাযোগ করুন। • মিডল্ স্কুল – ভর্তি পদ্ধতি এলিমেন্টারির স্কুলের অনুরূপ, ব্যতিক্রম সেখানে, যেখানে আপনার ডিস্ট্রিক্টে মিডল্ জোনভুক্ত নয়, যেক্ষেত্রে আপনাকে অবশ্যই বরো এনরোলমেন্ট সেন্টারের সাথে যোগাযোগ করতে হবে। বরো এনরোলমেন্ট সেন্টার কোথায় অবস্থিত তা জানতে অনুগ্রহ করে ৩১১ ফোন করুন। • হাই স্কুল - সকল হাই স্কুল শিক্ষার্থীকে অবশ্যই বরো এনরোলমেন্ট সেন্টারে নিবন্ধন করতে হবে। নিকটস্থ বরো এনরোলমেন্ট সেন্টারের অবস্থান জানতে অনুগ্রহ করে ৩১১ নম্বরে ফোন করুন
ভর্তি সংক্রান্ত বিরোধ:	• স্কুল নির্বাচন অথবা ভর্তি সংক্রান্ত বিরোধ দেখা দিলে, সমাধান প্রক্রিয়া চলাকালে আপনার সন্তান যে স্কুলে ভর্তি হতে চায় তাকে অবশ্যই অবিলম্বে সেখানে ভর্তি করুন। • আপিলের অধিকার প্রদানসহ, বিরোধ সম্পর্কে স্কুলের নেয়া সিদ্ধান্তের লিখিত ব্যাখ্যা পিতামাতাকে অবশ্যই এসটিএইচ ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট অথবা এসটিএইচ সংযোগকারীর কাছে দিতে হবে।
পরিবহন:	• যেসব শিক্ষার্থী ম্যাককিনি ভেন্টো আইন অনুযায়ী হোমলেস হিশেবে স্বীকৃত, তারা প্রয়োজনে স্কুলে যাতায়াত সুবিধা পাওয়ার অধিকারী। • বাসের ব্যবস্থা থাকলে কে থেকে ৬ গ্রেডের শিক্ষার্থীদের বাসের ব্যবস্থা দিতে হবে; তা না হলে তারা মেট্রোকার্ড পাওয়ার যোগ্য। • প্রি-কে থেকে ৬ গ্রেডের যাতায়াত সুবিধা এবং মেট্রোকার্ড পাওয়ার যোগ্য শিক্ষার্থীদের পিতামাতারা তাদের সন্তানদের সঙ্গে করে আনা নেয়ার জন্য যাতায়াত সুবিধা (মেট্রোকার্ড) পাওয়ার যোগ্য। • ৭ থেকে ১২ গ্রেডের শিক্ষার্থীরা মেট্রোকার্ড পাওয়ার যোগ্য।

আরো তথ্যের জন্য আপনার বরো সমন্বিত সার্ভিস সেন্টারে অথবা চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্কের সাথে যোগাযোগ করে এসটিএইচ লিয়াঁজোর **সাথে কথা বলুন অথবা 311 নম্বরে ফোন করুন।**

সংশোধিত ৬/৯/০৯